

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২০

২৩ ডিসেম্বর, ২০১৪  
তারিখ : -----  
০৯ পৌষ, ১৪২১

বিশেষায়িত ব্যাংক ব্যতীত বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকের প্রধান নির্বাহী নিযুক্তি ও দায়-দায়িত্ব সম্পর্কিত বিধি-বিধান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮, তারিখ ২৭ অক্টোবর ২০১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্ত সার্কুলার লেটার এর প্রধান নির্বাহী নিযুক্তির বিধানাবলী সংক্রান্ত অ(১১) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনাটি নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো :

১১। প্রধান নির্বাহী নিযুক্তির বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং ঐরূপে নিযুক্ত প্রধান নির্বাহীকে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতীত তার পদ হতে বরখাস্ত, অব্যাহতি প্রদান বা অপসারণ করা যাবে না। তবে-

ক) নিয়োগ চুক্তির মেয়াদপূর্তির পূর্বে প্রধান নির্বাহী চুক্তি বাতিল করতে চাইলে বা স্বেচ্ছায় পদত্যাগ করতে চাইলে পদত্যাগের প্রকৃত কারণ উল্লেখপূর্বক কমপক্ষে ১ (এক) মাস পূর্বে এ সংক্রান্ত নোটিশ ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যানের নিকট দাখিল করবেন এবং একই সময়ে উক্ত নোটিশের অনুলিপি বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করবেন।

খ) নিয়োগ চুক্তির মেয়াদপূর্তির পূর্বে ব্যাংকের পরিচালনা পর্ষদ চুক্তি বাতিল করতে চাইলে বা প্রধান নির্বাহীকে পদত্যাগের নির্দেশ প্রদান করলে তার কারণ উল্লেখপূর্বক প্রধান নির্বাহীকে কমপক্ষে ১ (এক) মাসের নোটিশ প্রদান করতে হবে এবং একই সময়ে উক্ত নোটিশের অনুলিপি বাংলাদেশ ব্যাংকে প্রেরণপূর্বক তাকে অপসারণের জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ করতে হবে। বাংলাদেশ ব্যাংকের অনুমোদন ব্যতীত নিয়োগ চুক্তি বাতিল কিংবা প্রধান নির্বাহীকে পদত্যাগে বাধ্য করা যাবে না।

গ) প্রধান নির্বাহীর স্বেচ্ছায় পদত্যাগ বা মেয়াদান্তে, কিংবা অন্য কোনো কারণে উক্ত পদ শূন্য হলে ব্যাংক তাৎক্ষণিকভাবে শূন্য পদে প্রধান নির্বাহী পদের অব্যবহিত নিচের পদ হতে কোনো যোগ্য কর্মকর্তাকে ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী হিসেবে (সর্বোচ্চ ৩ মাস) নিয়োজিত করে উক্ত কর্মকর্তার বিবরণসহ বাংলাদেশ ব্যাংককে অবহিত করবে।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮, তারিখ ২৭ অক্টোবর ২০১৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(সাইফুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন-৯৫৩০১৫৫